রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ১৬, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/০৩ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নম্বর-২৬৫-আইন/২০২৫।**—বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা-৬৭-তে প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, উক্ত আইনের ধারা ৬৫ এর অধীন বাংলাদেশ ইপিজেড বা জোনস্থ শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের লক্ষ্যে গঠিত ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশের আলোকে বিগত ১৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক ১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৯-আইন/২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তাবলির দফা (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৮) সার্বিক কাজের মূল্যায়নের ভিত্তিতে কোনো শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের বার্ষিক মজুরি বৃদ্ধির হার নির্ধারিত হইবে, এক্ষেত্রে, ন্যূনতম ৫০% শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধির হার হইবে মূল মজুরির ন্যূনতম ১০% অবশিষ্ট শ্রমিকদের মজুরি বৃদ্ধির হার তাহাদের কাজের মানের উপর ভিত্তি করিয়া মূল মজুরির ন্যূনতম ৯-১০% হইবে, তবে কোনোক্রমেই কোনো শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধির হার মূল মজুরির ৯% এর কম হইবে না; শ্রমিকদের সার্বিক কর্মদক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে গ্রহণযোগ্য ও বাস্তবসম্মত


**মূল্য :** টাকা ৪·০০

মূল্যায়ন পদ্ধতি অনুসৃত হইবে এবং কোনো শ্রমিকের প্রতি আনুকূল্য বা বৈষম্য প্রর্দশন করা যাইবে না; সোয়েটারসহ অন্যান্য সমজাতীয় সেক্টর বা ক্যাটাগরির শিল্প প্রতিষ্ঠানসমূহে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বার্ষিক ভিত্তিতে এই মূল মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন;"।

২। এই প্রজ্ঞাপন ১ ডিসেম্বর, ২০২৪ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, এই প্রজ্ঞাপনের অধীন বর্ধিত মজুরি ২০২৫ সালের জানুয়ারি মাসে প্রদেয় বেতন/মজুরি এর সহিত প্রদান করিতে হইবে, তবে ইতোমধ্যে কোনো শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক উল্লিখিত হার অপেক্ষা নিম্ন হারে মজুরি প্রাপ্ত হইলে তাহা ২০২৫ সালের জানুয়ারি মাসের মজুরির সহিত সমন্বয় করিয়া প্রদান করিতে হইবে।

৩। বাৎসরিক মজুরি বৃদ্ধির সহিত বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) সম্পর্কিত অন্যান্য সুবিধাদিও প্রাপ্ত হইবে।

৪। বাংলাদেশ ইপিজেড বা জোনসমুহের অন্তর্গত সকল সেক্টর বা ক্যাটাগরির শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের বিগত ১৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক ১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৯-আইন/২০২৪ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকিবে।

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের আদেশক্রমে

**মেজর জেনারেল আবুল কালাম মোহাম্মদ জিয়াউর রহমান, বিএসপি. এনডিসি. পিএসসি**

নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd